# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৫৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৯. অনির্দিষ্ট কাল ধরে মোজাদ্বয়ের উপর মসেহ করা সম্পর্কে

بَابُ مَا فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ مِنْ غَيْرِ تَوْقِيتٍ

আরবী

حَدَّثَنَا أَبُو مُحَمَّدِ بْنُ صَاعِدٍ ، نَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ ، حَدَّثَنَا أَسَدُ بْنُ مُوسَى ، نَا حَمَّادُ بْنُ سَلَمَةَ ، عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ ، عَنْ زُبَيْدِ بْنِ الصَّلْتِ ، قَالَ : سَمِعْتُ عُمَرَ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ يَقُولُ : " إِذَا تَوَضَّأَ أَحَدُكُمْ وَلَبِسَ خُفَّيْهِ ، فَلْيَمْسَحْ عَلَيْهِمَا ، وَلْيُصَلِّ فِيهِمَا ، وَلَا يَخْلَعْهُمَا إِنْ شَاءَ إِلَّا مِنْ جَنَابَةٍ
قَالَ : وَحَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ ، وَثَابِتٍ ، عَنْ أَنَسٍ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مِثْلَهُ . قَالَ ابْنُ صَاعِدٍ : وَمَا عَلِمْتُ أَحَدًا جَاءَ بِهِ إِلَّا أَسَدُ بْنُ مُوسَى

বাংলা

৭৫৫(১). আবু মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... যুবায়েদ ইবনুস সালত (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উমার (রাঃ)-কে বলতে শুনেছি, তোমাদের কেউ উযু করার পর মোজাদ্বয় পরিধান করলে সে যেন তার উপর মসেহ করে, তা পরিহিত অবস্থায় নামায পড়ে এবং সে চাইলে তা যেন না খোলে, নাপাক (গোসল ফরয) না হওয়া পর্যন্ত।

রাবী বলেন, আমার নিকট হাদীস বর্ণনা করেছেন হাম্মাদ ইবনে সালামা-উবায়দুল্লাহ ইবনে আবু বাকর ও সাবেত-আনাস (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ। ইবনে সায়েদ (রহঃ) বলেন, আমি জানি না, আসাদ ইবনে মূসা ব্যতীত অপর কেউ এই হাদীস বর্ণনা করেছেন কি না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ যুবায়দ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন